

সংযুক্ত হোন

প্রতিরোধ পরিষেবাগুলির (Prevention Services) সাথে

আপনি কি জানতেন যে পরিবারের জন্য বিনামূল্যের
পরিষেবা রয়েছে?

প্রতিরোধ পরিষেবাগুলি বিনামূল্যের এবং স্বেচ্ছাধীন।
পরিষেবাগুলির উদ্দেশ্য হলো পরিবারকে একত্রিত রাখা।

আপনি নিম্নলিখিত ক্ষেত্রে সহায়তা পেতে পারেন:



পরিবারিক সম্পর্ক
এবং কিশোর পরিষেবা



খাবার, পোশাক এবং
গৃহস্থালীর সামগ্রী



শিক্ষা এবং
চাকরির প্রশিক্ষণ



অভিবাসন পরিষেবা



মানসিক চাপ, স্বাস্থ্য
এবং সুস্থতা



সরকারী সহায়তা

অভিবাসন মর্যাদা নির্বিশেষে পরিবারের
জন্য পরিষেবাগুলি উপলব্ধ রয়েছে।
পরিষেবাগুলি বাড়িতে এবং বিভিন্ন ভাষায়
প্রদান করা হয়।

পরিষেবাগুলি কমিউনিটি ভিত্তিক সংস্থা দ্বারা
প্রদান করা হয়, ACS-এর দ্বারা নয়।



সংযুক্ত হোন
পরিষেবাগুলির সাথে

আপনার প্রয়োজনীয়তা, অবস্থান এবং ভাষার পছন্দের
উপর ভিত্তি করে একটি প্রতিরোধ প্রোগ্রামের সাথে
সংযুক্ত হতে একজন প্রতিরোধ পরিষেবা বিশেষজ্ঞের
(Prevention Services specialist) সাথে কথা বলার জন্য
212-676-7667 নম্বরে ফোন করুন বা
OPTA@acs.nyc.gov এ ইমেল করুন।

আপনি এবং আপনার পরিবার কার সাথে কাজ
করবেন?

কেস পরিকল্পনাকারীরা এবং আপনার পরিবার একসাথে
মিলে পরিবারের ভালোর জন্য কাজ করবেন। কেস
পরিকল্পনাকারীরা আপনার পরিবারের চাহিদা মেটাতে
রেফারেল এবং বিভিন্ন পরিষেবা সরবরাহ করতে পারেন।
তাদেরকে অন্যান্য নামে যেমন কাউন্সেলর, ফ্যামিলি
থেরাপিস্ট বা সমাজকর্মী হিসাবেও জানা যেতে পারে।

পিতামাতার উকিল এবং কেস সহায়করাও আপনার
পরিবারকে সহায়তা করতে পারেন। তারা কমিউনিটির
সংস্থানগুলি খুঁজতে পারেন,
আপনার পরিবারের সাথে
মিটিংয়ে অংশ নিতে পারেন
এবং প্রশ্নের উত্তর দিতে
পারেন। কার্যক্রম হিসাবে
তাদের উপলব্ধতা ভিন্ন হয়।
তাদেরকে পিতামাতার সহায়ক
(Parent Aide) অথবা
পরিবারের কর্মীর (Family
Worker) মতো অন্যান্য
নামেও জানা যেতে পারে।



কেস পরিকল্পনাকারীরা এবং পিতামাতার উকিলরা কমিউনিটি
ভিত্তিক সংস্থাগুলির জন্য কাজ করেন, ACS-এর জন্য নয়।

পরিষেবার পরিকল্পনা



212-676-7667 নম্বরে ফোন করুন অথবা OPTA@acs.nyc.gov এ ইমেল করুন কার্যক্রমগুলি সম্পর্কে জানতে ACS-এর প্রতিরোধ পরিষেবা বিশেষজ্ঞের (Prevention Services Specialist) সাথে কথা বলুন এবং আপনার পরিবারের চাওয়া, অবস্থান এবং ভাষার পছন্দের উপর ভিত্তি করে একটিকে বেছে নিন।



একটি প্রতিরোধ কার্যক্রমের (Prevention Program) সাথে যোগাযোগ করুন

প্রতিরোধ কার্যক্রমকে ফোন করুন, সাক্ষাৎ করুন অথবা ইমেল করুন। আপনি কেমন পরিষেবা খুজছেন সে সম্পর্কে তাদেরকে ব্যাখ্যা করুন এবং আপনার প্রথম মিটিংটি নির্ধারিত করুন।



পরিষেবার শুরু

পরিবারের লক্ষ্যগুলি নিয়ে আলোচনা করতে এবং কিছু কাগজপত্রে স্বাক্ষর করতে আপনি একজন কেস পরিকল্পনাকারীর সাথে দেখা করবেন।



পরিষেবাসমূহ লাভ করা

লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে কাজ করার জন্য আপনার পরিবার কেস পরিকল্পনাকারীর সাথে নিয়মিতভাবে মিলিত হবেন। কেস পরিকল্পনাকারী আপনার বাড়ির বাচ্চাদের সুরক্ষা নিয়েও মূল্যায়ন করবেন। প্রতি মাসে কমপক্ষে একটি করে মিটিং বাড়িতে হবে। গড়ে, পরিষেবাগুলি 9 মাস ধরে চলে।



পরিষেবাদির সমাপ্তি

আপনি এবং আপনার কেস পরিকল্পনাকারী সাধারণত পরিষেবা অর্জনের উপর ভিত্তি করে পরিষেবাগুলি কখন সমাপ্ত করতে হবে তা নির্ধারণ করবেন। আপনি ভবিষ্যতে সবসময় সহায়তার জন্য ফিরে আসতে পারেন।

প্রতিরোধ পরিষেবা সম্পর্কে পরিবারগুলো কি বলেছে:

“আমার কেস পরিকল্পনাকারী প্রতিটি পদক্ষেপে আমার পরিবারের সাথে ছিলেন। তিনি খুব সাধন সম্পন্ন, জ্ঞানী এবং আমার পরিবারের সাথে হাতে হাতে মিলিয়ে কাজ করেছেন। আমি ওনাকে আমার পরিকল্পনাকারী হিসাবে সত্যিই প্রশংসা করি।

— পিতা, Flatbush

“এই অভিজ্ঞতাটি আমি যতটুকু ভেবেছিলাম তার থেকে অধিক অন্তর্দৃষ্টি সম্পন্ন হয়েছিল। আমার যে কেস কর্মী রয়েছেন ওনাকে পেয়ে আমি সত্যিই খুশি। তিনি মিষ্টি, মজাদার এবং যত্নশীল। আমি মন থেকে ওনার সহায়তার প্রশংসা করি।”

— মাতা, Harlem

“আমাদের কর্মী একজন খুবই ভাল মানুষ এবং বাড়িতে আমাদেরকে সমস্ত কিছুতে সহায়তা করেন। আমরা ওনার খুবই প্রশংসা করি।”

— মাতা, Flushing



ACS ওকালতি অফিস (ACS Office of Advocacy)

আপনি যে পরিষেবাগুলি পাচ্ছেন তা নিয়ে আপনার কি কোনো উদ্বেগ আছে? ACS ওকালতি অফিস (ACS Office of Advocacy) সাহায্যের জন্য রয়েছে। উকিলরা পরিবারের অধিকার সম্পর্কিত তথ্য শেয়ার করেন এবং উদ্বেগের সমাধান করেন।

হেল্পলাইন: (212) 676-9421